# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে গাইরাত আল্লাহ পছন্দ করেন আর যে গাইরাত অপছন্দ করেন

## ذِكْرُ الْإِخْبَارِ عَنِ الْغَيْرَةِ الَّتِي يُحبها اللَّهُ والتي يُبغضها

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ عَنِ الْحَجَّاجِ الصَّوَّافِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنِ ابْنِ عَتِيكٍ الْأَنْصَارِيِّ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عليه وسلم: (إِنَّ مِنَ الْغَيْرَةِ مَا يُحِبُّ اللَّهُ وَمِنْهَا مَا يُبغض اللَّهُ فَأَمَّا الْغَيْرَةُ الَّتِي يُحِبُّ اللَّهُ فالغيرة في اللَّهِ ، وَأَمَّا الْغَيْرَةُ الَّتِي يُبْغِضُ اللَّهُ فَالْغَيْرَةُ فِي غَيْرِ اللَّهِ، وَإِنَّ مِنَ الْخُيَلَاءِ مَا يُحِبُّ اللَّهُ أَنْ يَتَخَيَّلَ الْعَبْدُ بِنَفْسِهِ عِنْدَ الْقِتَالِ وَأَنْ يَتَخَيَّلَ عِنْدَ الصَّدَاقَةِ وَأَمَّا الْخُيَلَاءُ الَّتِي يُبْغِضُ الله فالخيلاء لغير الدين)
الراوي : عَتِيك الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 295 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৯৫. আতীক আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কিছু গাইরাত আল্লাহ পছন্দ করেন আর কিছু গাইরাত তিনি ঘৃণা করেন। যে গাইরাত তিনি পছন্দ করেন সেটা হলো আল্লাহর জন্য গাইরাত আর যে গাইরাত তিনি ঘৃণা করেন, তা হলো আল্লাহ ছাড়া অন্য কারো জন্য গাইরাত। কিছু গর্বকারীকে আল্লাহ ভালবাসেন। যেমন: যুদ্ধের সময় গর্বভরে যুদ্ধ করা, গর্বভরে সাদাকা করা। আর যে গর্বকারীকে আল্লাহ ঘৃণা করেন তা হলো দ্বীন ব্যতিত অন্য কিছুর জন্য গর্ব করা।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪৪৫ (২৩৭৫২); তাবারানী: ১৭৭৬; আবু দাউদ: ২৬৫৯; নাসাঈ: ৫/৭৮ (২৫৫৮); দারেমী: ২/১৪৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির একজন রাবীকে মাজহুল বা অজ্ঞাত আখ্যা দিয়েছেন । আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৯৯৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আতীক আল আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন